

ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 18

Class: 4

Subject: Bengali Text (গাছ কেটো না)

Date: 11/11/2020

১। গাছ কেটো না কবিতার শেষ ৮ লাইন মুখস্থ লেখ ।

উঃ গাছ কেটো না

নীরেন্দ্রনাথ চক্রবর্তী

হারিয়ে গেছে মাথার উপর

গাছের সবুজ পাতা ,

জ্বলছে বাজার , রাস্তা ও ঘর

এই নাকি কলকাতা ।

তাই তো বলি গাছ কেটো না ,

গাছকে রাখো ধরে ,

তা নইলে ভাই লক্ষ্মীসোনা

বাঁচবে কেমন করে ?

২। গাছ আমাদের কী কী উপকার করে ?

উঃ গাছ আমাদের অনেক রকম উপকার করে । গাছ অক্সিজেন দিয়ে প্রাণিজগৎকে বাঁচিয়ে রাখে । গাছের ফুল ও ফল আহার হিসাবে গ্রহণ করি । গাছ বৃষ্টি হতে সাহায্যে করে । গাছের শিকড় মৃত্তিকার ক্ষয় রোধ করে ।

৩। মরুভূমি কাকে বলে ? কয়েকটি মরুভূমির নাম লেখ ?

উঃ যেই স্থান বালুকাময় ,জনমানবহীন ,জলহীন, সেই জায়গাকে মরুভূমি বলে
।সাধারণত মরুভূমিতে গাছপালা জন্মায় না ।ক্যাকটাস জাতীয় ছোট ছোট গাছ কিছু
দেখা যায় । সাহারা ,থর ,গোবি প্রভৃতি কয়েকটি মরুভূমি উল্লেখযোগ্য ।এর মধ্যে
থর মরুভূমি ভারতে অবস্থিত ।

৪। গাছ কেটো না কবিতার যে অংশে মৃত্তিকার ক্ষয়রোধ করে উল্লেখ আছে
সেইখান থেকে ৮ লাইন মুখস্থ লেখ ?

উঃ গাছ কেটো না

ধসতে দেয় না মৃত্তিকাকে,

শেকড়গুলোর ফাঁদে ।

আটকে ফেলে বৃক্ষ তাকে

শক্ত করে বাঁধে ।

গাছগুলোকে কাটলে কী হয়,

তাও তো দেখছ তুমি,

গাঁ গঞ্জ আর জীবন্ত নয়,

শুকনো মরুভূমি ।

Manashi Chaudhuri